

স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০১৬৩.২৫- ১৬৩

তারিখঃ ২৬ চৈত্র ১৪৩২
০৬ এপ্রিল ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব কনক কুমার দাস (বিপি-৮০১২১৪৮৯০৮), অতিরিক্ত পুলিশ সুপার, ৪ এপিবিএন, নিশিন্দারা, বগুড়া (সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, চুয়াডাঙ্গা) গত ২৫.৬.২০২৫ তারিখ উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক কেএমপি, খুলনার সদর থানার (মামলা নং-১৯, তারিখ-১২.১২.২০২৪, ধারা-১৪৩/৪২৭/৪৪৮/৩০৭/৩২৩/৩২৪/৩২৫/৩০৮০/৫০৬(২) পেনাল কোড) এজাহারনামীয় ১ নং আসামী জনাব সুকান্ত দাস, নিরস্ত্র এসআই, আলমডাঙ্গা থানাধীন তিওরবিলা পুলিশ ক্যাম্প-কে পুলিশ লাইন্সে সংযুক্তপূর্বক সার্বক্ষণিক নজরদারীতে রাখার জন্য মোবাইল ফোনে তাঁকে নির্দেশ প্রদান করা হয়। তিনি যথাযথভাবে নজরদারী এবং তদারকির ব্যবস্থা গ্রহণ না করায় এসআই জনাব সুকান্ত দাস পুলিশ লাইন্স হতে পালিয়ে যান। সে পরিপ্রেক্ষিতে, গত ২৭.১০.২০২৫ তারিখে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নং ১৬৩/২০২৫ রুজুপূর্বক কারণ দর্শানো হয়; এবং


যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ২২.১১.২০২৫ তারিখে অভিযোগের জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে ০১.০৪.২০২৬ তারিখ ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

যেহেতু, ব্যক্তিগত শুনানিঅন্তে অভিযুক্ত কর্মকর্তা রাষ্ট্রপক্ষের বক্তব্য, অভিযোগনামার জবাব, অভিযোগের গুরুত্ব এবং আনুষঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তকে লঘুদণ্ড আরোপের সিদ্ধান্ত যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব কনক কুমার দাস (বিপি-৮০১২১৪৮৯০৮), অতিরিক্ত পুলিশ সুপার, ৪ এপিবিএন, নিশিন্দারা, বগুড়া (সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, চুয়াডাঙ্গা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর দায়ে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার বিধি ৪(২)(ক) বিধি মোতাবেক "তিরস্কার" সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



মনজুর মোশেদ চৌধুরী
সিনিয়র সচিব

স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০১৬৩.২৫ - ১৬৩

তারিখঃ ২৬ চৈত্র ১৪৩২
০৬ এপ্রিল ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
- ২। মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ৩। উপসচিব, পুলিশ-১ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। জনাব কনক কুমার দাস (বিপি-৮০১২১৪৮৯০৮), অতিরিক্ত পুলিশ সুপার, ৪ এপিবিএন, নিশিন্দারা, বগুড়া (সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, চুয়াডাঙ্গা)
- ৮। অতিরিক্ত সচিব (শৃঙ্খলা অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৯। অফিস কপি/মাস্টার কপি।


মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার
উপসচিব